গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
প্রশাসন শাখা
বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
www.birtan.gov.bd

বাম শিরোনাম

তারিখ: ১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০১.৯৯.০০৩.২৩.১৭৫০

বিষয়: **২৮ জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দপ্তর/সংস্থার সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসংগে।**

সূত্র: প্রশাসন-৩ অধিশাখার স্মারক নং-১২.০০.০০০০.০২১.০৬.০৮০.২২.৮১, তারিখঃ ০৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতেগত ২৮ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ তারিখে দপ্তর/সংস্থার সমন্বয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর (অত্র প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট অংশের) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন/তথ্য সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০৪ (চার) পাতা।

১৪-০২-২০২৪
মোঃ খোরশেদ আলম এনডিসি
নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
birtanoffice@gmail.com

সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।

দৃষ্টি আকর্ষণ:
উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।

প্রতিবেদনের অংশ:

বারটান-এর জন্য প্রযোজ্য সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নে উল্লেখ করা হলো-

<table>
<tr><th>ক্র. নং</th><th>সভার সিদ্ধান্তের অনুচ্ছেদ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td>(৫)</td></tr>
<tr><td>১.</td><td>১.</td><td>মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন</td><td>(১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহের বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত থাকবে এবং যে সকল প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহ বাস্তবায়িত হবে তা পরবর্তী এজেন্ডা হতে বাদ দিতে হবে।</td><td>দেশের ক্রমবর্ধমান জনগোষ্ঠীর পুষ্টিস্তর উন্নয়ন তথা নিরাপদ ও প্রয়োজনীয় সুষম খাদ্য নিশ্চিতকরণের লক্ষ্যে খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।
প্রশিক্ষণার্থীদের মধ্যে রয়েছে কিষাণ-কিষাণী, বিদেশগামী শ্রমিক, গার্মেন্টস কর্মী, উপসহকারী কৃষি কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তা, পুরোহিত, ইমাম, স্থানীয় সমাজকর্মী, বিভিন্ন এনজিও প্রভৃতি। এই প্রশিক্ষণে বিভিন্ন খাদ্যের পুষ্টিগুণ, সুষম খাদ্যাভাস, দেশীয় পুষ্টিকর খাবার (যেমন-ফল, শাক-সবজি), খাবারের পুষ্টিমান সংরক্ষণ করে রান্না তথা পুষ্টির অপচয় রোধ, পরিষ্কার-পরিচ্ছন্নতা (WASH-Water, Sanitation & Hygiene) এবং প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যার বিষয়ক তথ্য প্রদান করা হয়। বর্তমান অর্থ বছর (২০২৩-২৪) জানুয়ারি ২০২৪ পর্যন্ত উপ-সহকারী কৃষি কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ইমাম, পুরোহিত, মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠকর্মী, এনজিও প্রতিনিধি, কৃষাণ-কৃষাণি ও অন্যান্য পেশার কর্মজীবি শ্রমিকসহ মোট ৩১৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
বারটান ২০১৮ হতে ফলিত পুষ্টি বিষয়ে বিভিন্ন গবেষণা কার্যক্রম স্বল্প পরিসরে চালিয়ে আসছিল। গত ০১ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ তারিখে বারটান নবনির্মিত প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জে স্থানান্তরিত হয়েছে। ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত ফলিত পুষ্টি বিষয়ক বিভিন্ন বিষয়ে ৬০টি গবেষণা কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।</td></tr>
<tr><td>২.</td><td>২.</td><td>ওয়েবসাইট হালনাগাদকরণ কার্যক্রম</td><td>দপ্তর/সংস্থার ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে। যে সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইটে কর্মকর্তাদের নাম, পদবি, মোবাইল নম্বর, ই-মেইল আইডি ও ছবি নেই সে সকল তথ্যাদি দ্রুত সংযোজন করতে হবে।</td><td>জানুয়ারি/২০২৪খ্রিঃ মাসে বারটান ওয়েবসাইটে আপলোডের তথ্য:
<table>
<tr><th>ওয়েবসাইটে বিদ্যমান সর্বমোট পাতার (Page) সংখ্যা</th><th>জানুয়ারি/২০২৪ মাসে হালনাগাদকৃত পাতার সংখ্যা</th><th>সর্বমোট আপলোডকৃত তথ্যের সংখ্যা (নোটিশ, প্রজ্ঞাপন ইত্যাদি)</th></tr>
<tr><td>৩২৪</td><td>১৪</td><td>৯৬</td></tr>
</table></td></tr>
<tr><td>৩.</td><td>৩.</td><td>দপ্তর/সংস্থার ই-ফাইলিং কার্যক্রম</td><td>সকল দপ্তর/সংস্থার ই/ডি-ফাইলিং কার্যক্রম আরো জোরদার করতে হবে। দাপ্তরিক কার্যক্রমের ন্যূনতম ৮৫% ই/ডি-ফাইলের মাধ্যমে নিষ্পত্তি করার জন্য সকলকে সচেতন হতে হবে। মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা এর ই-ফাইলিং কার্যক্রমকে ডি-ফাইলে স্থানান্তরে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ক হবে।</td><td>জানুয়ারি/২০২৪ মাসের ই-ফাইলিং কার্যক্রম:
নির্দেশনা মোতাবেক যথাযথ প্রদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।
<table>
<tr><th>মাসের নাম</th><th>মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের সংখ্যা (হার্ড ফাইলে)</th><th>মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের সংখ্যা (ই-ফাইলে)</th><th>মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের সংখ্যা (ই-ফাইলে)</th><th>মন্ত্রণালয়ে প্রেরণের শতকরা হার</th></tr>
<tr><td>জানুয়ারি</td><td>১১</td><td>০৬</td><td>০</td><td>৩৫.২৯%</td></tr>
</table></td></tr>
</table>

৪.	৪.	অডিট আপত্তি নিষ্পত্তি	(ক) অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির জন্য মন্ত্রণালয় মাসে কমপক্ষে ১টি ত্রি-পক্ষীয় সভা এবং দপ্তর/সংস্থা ২টি অথবা তার অধিক দ্বি-পক্ষীয় সভা করবে। ব্রডসিট জবাবের মাধ্যমে যে সকল অডিট আপত্তি নিষ্পত্তি করা সম্ভব সেগুলো ব্রডসিট জবাব প্রেরণ এবং সংকলনভুক্ত অডিট আপত্তি দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার অডিট সংশ্লিষ্ট কর্মকর্তা এবং অডিট টিমের সচিব মহোদয়ের সুবিধাজনক সময়ে একটি সেমিনার আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত সেমিনার কার্যক্রম পরিচালনার জন্য বাজেটের প্রশাসনিক অনুমোদন নেওয়া হয়েছে। সেমিনারের পূর্বে প্রত্যেক দপ্তর/সংস্থা ভিত্তিক অডিট আপত্তির তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ের অডিট শাখায় প্রেরণ করতে হবে।	(ক) বারটান-এ বর্তমানে ১৩টি অডিট আপত্তি রয়েছে যার ব্রডসিট জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এবং নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। অডিট অধিদপ্তরের চাহিদা মোতাবেক ফাইন্যান্সিয়াল স্ট্যাটমেন্ট প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। (গ) নির্দেশনা মোতাবেক যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে।

ক্র নং	সভার সিদ্ধান্তের অনুচ্ছেদ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
			(ঘ) অডিট আপত্তি যাতে না হয় সে জন্য সরকারের আর্থিক বিধি-বিধান ও গাইড লাইন অনুযায়ী সরকারি অর্থ ব্যয় করতে হবে এবং পিপিআর অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। যে সকল কারণে অডিট আপত্তি হয়ে থাকে তার নির্দেশিকা মন্ত্রণালয়ের নিরীক্ষা অনুবিভাগ হতে সকল দপ্তর/সংস্থায় প্রেরণ করবে এবং উক্ত নির্দেশিকা দপ্তর/সংস্থাসমূহকে যথাযথভাবে অনুসরণ করতে হবে।	(ঘ) নির্দেশনা মোতাবেক যথাযথ প্রদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
৫.	৫.	অবসর সুবিধা প্রদানের আবেদন নিষ্পত্তি	কর্মচারিদের অবসর সুবিধা প্রদানের আবেদন অবসর যাওয়ার ০৩ (তিন) মাসের মধ্যে বিধিমোতাবেক নিষ্পত্তি করতে হবে। এ কার্যক্রমে কর্মকর্তাগণ যেসব কর্মস্থলে কাজ করেছেন সেসব কর্মস্থল থেকে NOC সংগ্রহ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে অবসর সুবিধা প্রদান সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে প্রতি মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।	পেনশন-গ্র্যাচুইটি প্রাপ্তির আবেদন মোতাবেক গত জানুয়ারি/২০২৩ খ্রি: পর্যন্ত সকল আবেদন নিষ্পন্ন করা হয়েছে।
৬.	৬.	শূন্য পদে লোক নিয়োগ	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী দপ্তর/সংস্থার বিদ্যমান শূন্য পদসমূহ পূরণ ও চলমান নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	<table><tr><th>দপ্তর/ সংস্থা</th><th>মোট পদ</th><th>কর্মরত পদ</th><th>সংরক্ষিত পদ (১০%)</th><th>শূন্য পদ</th></tr><tr><td>বারটান</td><td>১৯০</td><td>৯৯</td><td>০৬</td><td>৮৫</td></tr></table> মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া গিয়েছে। নিয়োগের কার্যক্রম চলমান।

<table>
<tr>
<td>৭.</td>
<td>৮.</td>
<td>দপ্তর/সংস্থার জমিজমাসহ বিভিন্ন মামলা, নামজারি, ভূমি উন্নয়ন কর পরিশোধ এবং জমি-জমার রেজিস্ট্রার সংক্রান্ত বিষয়ক কার্যক্রম</td>
<td>(ক) বিভিন্ন দপ্তর/সংস্থার বেদখলকৃত জমি উদ্ধারের বিষয়ে গৃহীত ব্যবস্থার সর্বশেষ অগ্রগতি ও হালনাগাদ তথ্য এবং চলতি মাসে কোনো বেদখলকৃত জমি উদ্ধার হয়ে থাকলে তার তথ্য প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের আইন অধিশাখায় প্রেরণ করতে হবে।

(খ) প্রত্যেক দপ্তর/সংস্থার স্ব-স্ব মালিকানাধীন জমি যথাযত বাবস্থাপনা ও ব্যবহার নিশ্চিত করে নিজ নিয়ন্ত্রণে রাখার বিষয়ে সক্রিয় থাকবে। দপ্তর/সংস্থার মালিকানাধীন যে সকল জায়গায় বাউন্ডারি দেয়াল নেই সে সকল জমিতে বাউন্ডারী দেয়াল নির্মাণের জন্য জরুরী ভিত্তিতে পদক্ষেপ নিতে হবে।
(গ) জমির নামজারি সংক্রান্ত তথ্য এবং ভূমি উন্নয়ন কর পরিশোধ বিষয়ক প্রতিবেদন প্রেরণ এবং চলতি মাসে জমির পরিমাণ উল্লেখসহ নামজারী হয়েছে কিনা তা আলাদা কলামে উল্লেখপূর্বক প্রতিবেদন প্রেরণ করবে হবে।
(ঙ) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার মাসিক মামলার একটি প্রতিবেদন প্রণয়নপূর্বক পরবর্তী সভাকে অবহিত করতে হবে।</td>
<td>(ক) বারটান এর প্রধান কার্যালয়সহ ০৭ টি আঞ্চলিক কার্যালয়ে কোন বেদখলকৃত জমি নেই।

(খ) বরিশাল আঞ্চলিক কার্যালয়ে বাউন্ডারী দেয়ালের নির্মাণ কাজ চলমান রয়েছে।
(গ) জমির নামজারি সংক্রান্ত তথ্য এবং ভূমি উন্নয়ন কর পরিশোধ বিষয়ক প্রতিবেদন আইন অধিশাখায় নিয়মিত প্রেরণ অব্যাহত রয়েছে।
<table>
<tr><th colspan="3">নামজারি ও ভূমি উন্নয়ন কর সংক্রান্ত তথ্যাদি</th><th>মন্তব্য</th></tr>
<tr><th>মোট জমি (একর)</th><th>নামজারি কৃত জমি (একর)</th><th>ভূমি উন্নয়ন কর পরিশোধ (একর</th><td rowspan="2">বারটান-এর অবশিষ্ট ৩৮.৪৯ একর জমি নামজারির প্রক্রিয়াধীন আছে।
নামজারি সম্পন্ন হলে অবশিষ্ট ভূমির উন্নয়ন কর পরিশোধ করা হবে।</td></tr>
<tr><td>১৫৬.৮৭</td><td>১১৮.৩৮</td><td>১১৮.৩৮</td></tr>
</table>
(ঙ) বারটানের মাসিক মামলার একটি প্রতিবেদন আইন অধিশাখায় নিয়মিত প্রেরণ অব্যাহত রয়েছে।</td>
</tr>
<tr>
<td>৮.</td>
<td>১০.</td>
<td>জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কার্যক্রম</td>
<td>২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রান্তিক ভিত্তিক কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।</td>
<td>জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে আপলোড করা হয়েছে।</td>
</tr>
</table>

ক্রমিক নং	সভার সিদ্ধান্তের অনুচ্ছেদ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
৯.	১১.	তথ্য অধিকার আইন বিষয়ক কার্যক্রম	'তথ্য অধিকার আইন, ২০০৯' অনুযায়ী তথ্য মাসিক তথ্য সরবরাহ করে নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	তথ্য অধিকার আইন, ২০০৯' অনুযায়ী ডিসেম্বর/২০২৩ হতে জানুয়ারি/২০২৩ পর্যন্ত নিম্নোক্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে- <table><tr><th>বিগত মাসের জের</th><th>বর্তমান মাসে প্রাপ্তি</th><th>নিষ্পত্তি</th><th>শতকরা হার</th></tr><tr><td>০</td><td>০</td><td>০</td><td>০</td></tr></table>
১০.	১২.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কার্যক্রম	(ক) ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কর্মপরিকল্পনা অনুযায়ী প্রান্তিক ভিত্তিক কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের এপিএমএস সফটওয়্যারে প্রমাণকসহ আপলোড করতে হবে। (খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের একটি অংশ হচ্ছে GRS। যে সকল দপ্তর/ সংস্থা GRS-এর সাথে এখনও সংযুক্ত হতে পারেনি নির্ধারিত ফরমেট পুরণপূর্বক তাদের GRS এর সাথে দ্রুত সংযুক্ত হতে হবে।	(ক) ২০২৩-২৪ অর্থ বছরে বারটানের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থবছরের চূড়ান্ত প্রতিবেদন সকল প্রমাণকসহ মন্ত্রণালয়ে নির্ধারিত সময়ে প্রেরণ করা হয়েছে। চলতি অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ে এপিএমএএস সফটওয়্যারে আপলোড করা হবে। (খ) নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করা হয়েছে।

১১.	১৩.	এসডিজি বাস্তবায়ন কার্যক্রম	(খ) এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে যে সকল দপ্তর/সংস্থা প্রকল্প গ্রহণ করেনি তারা ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	(খ) এ বিষয়ে বারটানের প্রতি মাসিক সমন্বয় সভায় বিস্তারিত আলোচনা হয়। সিদ্ধান্ত মোতাবেক যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে।
১২.	১৪.	Digital Service Delivery Procurement	Integrated Digital Service Delivery Platform for Ministry of Agriculture এর প্রস্তুতকৃত সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে কোনো সমস্যা/মতামত থাকলে Syntech Solution Ltd এর সাথে যোগাযোগ করার জন্য দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের অনুরোধ করা হয়। সফটওয়্যারটি ব্যবহারে কোনো সমস্যা থাকলে স্ব স্ব দপ্তর/সংস্থা সমস্যাসমূহ চিহ্নিত করে দ্রুত মন্ত্রণালয়কে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।	নির্দেশনা মোতাবেক সফটওয়্যারটি ব্যবহারে সমস্যাগুলোর feedback মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।
১৩.	১৫.	(১) দপ্তর/সংস্থার গাড়ি সংক্রান্ত তথ্যাদি	**(ক) সকল দপ্তর/সংস্থায় টিওএন্ডইভুক্ত গাড়ীর সংখ্যা, আওতাধীন প্রকল্পের গাড়ীর সংখ্যা ও অকেজো গাড়ীর সংখ্যার তথ্য প্রেরণ করতে হবে। প্রকল্পের মেয়াদ শেষে গাড়ি এবং সরঞ্জামাদি সরকারি বিধি-মোতাবেক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতি মাসে কয়টি গাড়ি কনডেম ঘোষণা করা হয়েছে এ বিষয়ে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। অকেজো গাড়ির বিষয়ে স্পট ইন্সপেকশন করে নির্ধারিত ছকে তথ্য প্রেরণ করতে হবে।**	বারটান-এর গাড়ি/যানবাহন সংক্রান্ত তথ্যাদি নিম্নে ছক আকারে উল্লেখ করা হলো। **নোট:-১**

নোট:-১: বারটান-এর গাড়ি/যানবাহনের তথ্যাদি

যানবাহনের ধরণ	টিওএন্ডইভুক্ত গাড়ির সংখ্যা	বিদ্যমান গাড়ির সংখ্যা	অকেজো গাড়ির সংখ্যা
জীপ	১	১	০
কার	১	১	০
মাইক্রোবাস	১	১	০
পিকআপ	৭	৭	০
মিনিবাস	১	১	০

প্রকল্প থেকে টিওএন্ডইভুক্তকরণ প্রক্রিয়ায় গাড়ির বিবরণ	
যানবাহনের ধরণ	**বিদ্যমান সংখ্যা**
পিকআপ	০১
মোটর সাইকেল	১০
প্রকল্পের গাড়ি সংখ্যা	
যানবাহনের ধরণ	**বিদ্যমান সংখ্যা**
পিকআপ	০১

ক্রমিক নং	সভার সিদ্ধান্তের অনুচ্ছেদ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১৪.	১৫ (৬)	৪র্থ শিল্প বিপ্লব বা ফোর্থ ইন্ডস্ট্রিয়াল রেভুলেশন	৪র্থ শিল্প বিপ্লবে কৃষিক্ষেত্রে করণীয় বিষয়ে কৃষিকে যান্ত্রিকীকরণ ও প্রযুক্তি বিকাশসহ নিকটবর্তী ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলার প্রতিযোগিতায় এগিয়ে যাওয়ার লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহবান করতে হবে।	৪র্থ শিল্প বিপ্লবে কৃষিক্ষেত্রে করণীয় বিষয়ে কৃষিকে যান্ত্রিকীকরণ ও প্রযুক্তি বিকাশসহ সংক্রান্ত ওয়ার্কসপ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি)-তে অনুষ্ঠিত হয়েছে। বারটান কর্তৃক উল্লেখিত বিষয়ে কর্মপরিকল্পনা প্রদান করা হয়েছে।
১৫.	১৫ (৭)	বিদ্যুৎ খাতে ব্যয় হ্রাসকরণ	দপ্তর/সংস্থায় বিদ্যুৎ খাতে ২৫% হ্রাসকরণের লক্ষ্যে আগস্ট/২০২২ কে ভিত্তি ধরে পর্যায়ক্রমে পরবর্তী মাসের সাথে তুলনা উক্ত ব্যয় নিয়মিত মনিটরিং করতে হবে। চলতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যয় হ্রাসে সক্ষম হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	নির্দেশনার প্রেক্ষিতে ইতোমধ্যে বিদ্যুৎ খাতে ২৫% ব্যয় হ্রাসকরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এবং একটি পরিবীক্ষণ কমিটি গঠন করে নিয়মিত তদারকী করা হচ্ছে। পূর্ববর্তী বছরের সংশ্লিষ্ট মাসসমূহকে ভিত্তি হিসেবে ধরে চলতি বছরের বিদ্যুৎ ব্যয় খাতে হ্রাস করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে বিদ্যমান বিদ্যুৎ ব্যয় হ্রাসকরণের সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

১৬.	১৫ (৮)	কর্মকর্তা/কর্মচারীদের PDS প্রস্তুত করতে হবে	মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থা কর্মকর্তা/ কর্মচারীদের Personal Data Sheet (PDS) তৈরি এবং হালনাগাদ করার পর সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS) কার্যক্রর হওয়ার পর তাতে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	নির্দেশনা মোতাবেক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে বারটানের অনেকের PDS তৈরি করা হয়েছে।
১৭.	১৫ (১০)	জেলা প্রশাসক সম্মেলন ২০২৩ এর সিদ্ধান্ত বাস্তবায়ন	জেলা প্রশাসক সম্মেলন ২০২৩ এর স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।	নির্দেশনা মোতাবেক যথাযথ প্রদক্ষেপ গ্রহণ করা হবে।